

২১ ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে জগন্নাথ বিশ্ববিদ্যালয়স্থ শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি নিবেদন



‘মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২’ উপলক্ষে ২১ ফেব্রুয়ারি-২০২২, সোমবার রাত ১২.০১ মিনিটে জগন্নাথ বিশ্ববিদ্যালয়স্থ শহীদ মিনারে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

এ সময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক, প্রভোস্ট, রেজিস্ট্রার, প্রক্টর, পরিচালক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে বীর শহীদদের স্মরণে নিরবতা পালন করা হয়।





এরপর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ স্ব-স্ব ব্যানার নিয়ে শহীদ মিনারে পুষ্পার্ঘ্য অর্পণ করে। জগন্নাথ বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি (জবিকস), জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব, কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী সমিতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্র, চলচ্চিত্র সংসদ, ডিবেটিং সোসাইটি, আবৃত্তি সংসদ, উদীচী শিল্পীগোষ্ঠী, জবি সংসদ, ফটোগ্রাফিক সোসাইটি, আইটি সোসাইটি, মাইম সোসাইটি, রঙ্গভূমি (জবিরঙ্গ), সায়েন্স ফিকশন সোসাইটি, ফিল্ম ক্লাব, ক্যারিয়ার ক্লাব, বাঁধন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিট, বিএনসিসি, রোভার স্কাউটস, রেঞ্জার ইউনিট, আমরা মুক্তিযোদ্ধার সন্তানসহ অন্যান্য সংগঠনের পক্ষে থেকে একে একে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।